

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.mopme.gov.bd

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.২৭.০০৯.১২-৯৭

তারিখঃ ৩১ বৈশাখ ১৪২৪
১৪ মে ২০১৭

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মো: শরীফ হাসান, সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, গোপালগঞ্জ-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ০৫/১১/২০১২ তারিখের প্রাগম/তঃশৃঃ/বিমা-৯/২০১২-৪৯৫ নম্বর প্রজ্ঞাপন মূলে চাকরি হতে বরখাস্ত করা হয়;

যেহেতু, উক্ত আদেশের বিরুদ্ধে তিনি এটি ৭৪/২০১৩ মামলা রুজু করেন এবং উক্ত মামলায় বিজ্ঞ ট্রাইব্যুনাল কর্তৃক মন্ত্রণালয়ের ০৫/১১/২০১২ তারিখে প্রদত্ত শাস্তি হ্রাস করে বাধ্যতামূলক অবসর প্রদানের রায় প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত রায়ের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে এএটি-৬৪/২০১৫ আপিল দায়ের করেন এবং বিজ্ঞ আপিল ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত ১৪/০২/২০১৬ তারিখের রায়ে তাকে চাকরিতে পুনর্বহাল করে তার অনুপস্থিতকালীন প্রাপ্য বকেয়া বেতন ও ভাতাদি পরিশোধের আদেশ প্রদান করা হয়;

সেহেতু, বিজ্ঞ প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালের প্রদত্ত রায় অনুযায়ী জনাব মো: শরীফ হাসান, সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, গোপালগঞ্জ (বর্তমানে বরখাস্তকৃত)-কে চাকরিতে পুনর্বহাল করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।


স্বাক্ষরিত/-
(মোহাম্মদ আসিফ-উজ-জামান)
সচিব

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.২৭.০০৯.১২-৯৭

তারিখঃ ৩১ বৈশাখ ১৪২৪
১৪ মে ২০১৭

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ০১। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
- ০২। বিজ্ঞ সলিসিটর, আইন ও বিচার বিভাগ, সুপ্রীম কোর্ট কমপ্লেক্স, ঢাকা।
- ০৩। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৬। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, গোপালগঞ্জ।
- ০৮। জনাব মো: শরীফ হাসান, সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, গোপালগঞ্জ।
- ০৯। অফিস কপি।



(সুলতানা রাজিয়া)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৬৬৯১